

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৮৯২

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ কোন মহিলার যখন তাওয়াফে ইফাযাহ করার পর হয়েয হবে, তখন তাকে রওয়ানা দেওয়ার নির্দেশ প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ الْأَمْرِ لِلْمَرْأَةِ - إِذَا حَاضَتْ بَعْدَ الْإِفَاضَةِ - أَنْ تَنْفِرَ

আরবী

3892 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهَبٍ قَالَ حَدَّثَنِي اللَّيْثُ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ أَبِي سَلَمَةَ وَعُرْوَةَ أَنَّ عَائِشَةَ قَالَتْ: حَاضَتْ صَفِيَّةُ بِنْتُ حُيَّيٍّ بَعْدَمَا طَافَتْ قَالَتْ عَائِشَةُ: فَذَكَرْتُ حَيْضَتَهَا لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَحَابِسْتُنَا هِيَ؟) قَالَتْ: فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنَّهَا قَدْ كَانَتْ أَفَاضَتْ وَطَافَتْ بِالْبَيْتِ ثُمَّ حَاضَتْ بَعْدَ الْإِفَاضَةِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَلْتَنْفِرِ)

الراوي : عائشة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3892 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

(1748): ق.

বাংলা

৩৮৯২. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “সাফিয়্যাহ বিনতু হুইয়াই রাদ্বিয়াল্লাহু আনহা তাওয়াফে ইফাযাহ করার পর হয়েয শুরু হয়।” আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “অতঃপর আমি তার হয়েযের বিষয়টি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আলোচনা করি, তখন তিনি বলেন, “সে কি আমাদেরকে আটকিয়ে দিবে?” তখন আমি তাঁকে বলি, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নিশ্চয়ই তিনি ইতিপূর্বে বাইতুল্লাহর তাওয়াফে ইফাযাহ করে নিয়েছেন। তাওয়াফে ইফাযাহ করার পর তার হয়েয হয়েছে। তখন তিনি বলেন, “তাহলে সে যেন রওয়ানা দেয়।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/১৯২-১৯৩; সহীহ মুসলিম: ১২১১; তাহাবী: ২/২৩৪; মুয়াত্তা ইমাম মালিক: ১/৪১২; সহীহুল বুখারী: ৩২৮; নাসাঈ: ১/১৯৪; সুনান বাইহাকী: ৫/১৬২; দারেমী: ২/৫৬৮; ইবনু মাজাহ: ৩০৭৩; বাগাবী: ১৯৭৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৭৪৮)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93231>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন